

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
মেডিকেল-১ শাখা
www.mhpsd.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০১.২২-১৬

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

প্রজ্ঞাপন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের 'অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার' ১ম শ্রেণির (৯ম গ্রেড) এর ০৬ (ছয়)টি পদ নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিএসসি'র সুপারিশ এর পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীদের জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর টাকা ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের "অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার" পদে নিয়োগ প্রদান করা হলো:

নং	সুপারিশকৃত প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	জেলা
০১	মোঃ আশিক আকরাম	১১০০৮৭৬১	ঢাকা
০২	অনিক বিশ্বশর্মা	১৩০০০১৭৯	ময়মনসিংহ
০৩	সানজিদা আক্তার	১৭০০১৪৭১	লালমনিরহাট
০৪	অপূর্ব পাল	১৪০০০১০৯	খুলনা
০৫	মোঃ শরীফুল ইসলাম	১১০১১৩৮৩	চাঁদপুর
০৬	মোহাম্মদ আতিকুর রহমান	১৩০০০৮৭৫	চট্টগ্রাম

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক প্রার্থীগণ ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;
- (খ) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামিনদারসহ তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরি থেকে ইস্তফা দেন তবে প্রশিক্ষণ কালে তাকে বেতন, আনুতোষিক এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;
- (গ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপনান্তে চাকুরিতে নিয়োগের তারিখ হতে স্থায়ী করা হবে;
- (ঘ) সরকারি বিধি মোতাবেক ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
- (ঙ) চাকুরিতে থাকাকালে সরকারি সকল বিধি বিধান তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- (চ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (ছ) চাকুরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;
- (জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে; এবং
- (ঝ) যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রদান করা হবে না।

০২. উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তাঁদের ০১-০৩-২০২৩ খ্রি. তারিখে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-বরাবর সশরীরে উপস্থিত হয়ে যোগদান পত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখে যোগদান না করলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩. জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



কে এম সালাহউদ্দিন
উপসচিব

ফোন: +৮৮০২৫৫১০১১৪২

E-mail: medical1@mhapd.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০১.২২-১৬/১(১৫)

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। সিস্টেম এনালিস্ট, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। জনাব